SUDHA APPARELS LIMITED
Plot No. 30, Institutional Sector-44
Gurgaon-122 002 Haryana (INDIA)
CIN: L17299WB1981PLC033331

Tel. No. 91-124- 2574325
Fax No. 91-124- 2574327

**14th August, 2023**

**The Calcutta Stock Exchange Limited**
**7, Lyons Range,**
**Kolkata-700001**

**Stock Code : 10029405**
**Scrip ID : SUDHA APPARELS**

**Sub: Newspaper advertisement regarding Publishing of Unaudited-Financial Result for the Quarter ended June 30th 2023.**

Dear Sir,

In compliance with the provisions of Regulation 47 and other applicable provisions of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, we hereby submit copy of newspaper advertisement published in newspapers viz. Financial Express (in English) and Sukhabar (in Bengali) on August 12, 2023.

Submitted for your information and record.

Thanking You,

Yours Faithfully,
For **SUDHA APPARELS LIMITED**

Bhupesh

**Bhupesh**
Company Secretary

শহরের খবর



# ভাটপাড়ায় তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্ব প্রকাশ্যে




**প্রতীতি ঘোষ, বারাকপুর :** তৃণমূল কংগ্রেসের কার্যালয়ের দখল নিয়ে ভাটপাড়া পুরসভায় ৭নং ওয়ার্ডের কাটাডাঙায় দলের গোষ্ঠীদ্বন্দ্ব প্রকাশ্যে চলে আসে। দলীয় কার্যালয় কার দখলে থাকবে তা নিয়েই ঝামেলার শুরু। দীর্ঘদিন ধরেই কাটাডাঙা অঞ্চলে তৃণমূলের দলীয় কার্যালয় রয়েছে। বৃহস্পতিবার রাতে আচমকা ওই কার্যালয়ে আইএনটিটিইউসির ব্যানার লাগিয়ে দেওয়া হয়। যা নিয়ে সরব হয় এলাকারই তৃণমূলের আরেক গোষ্ঠী। অভিযোগ ওঠে, তৃণমূল কর্মী রাজা দাস বেশ কয়েকজন লোককে নিয়ে ওই ওয়ার্ডের তৃণমূলের প্রধান শাখাকে শ্রমিক সংগঠনের কার্যালয় হিসেবে গড়ে তুলতে চাইছেন। তাতেই বাধা দেন ওই অঞ্চলেরই তৃণমূলের আরেক গোষ্ঠীর কর্মী ও সমর্থকরা। তৃণমূল কর্মী রাজা দাস তাঁর বিরুদ্ধে ওঠা অভিযোগ অস্বীকার করে বলেন, 'এখানে কোনো গোষ্ঠীদ্বন্দ্ব নেই। আমার বিরুদ্ধে ওঠা সব অভিযোগ মিথ্যা। ওই পার্টি অফিসে বেশ কয়েক বছর ধরে আমি বসতাম। এমনকী মা-মাটি-মানুষ ভবন নামটি আমার দেওয়া। দলীয় ব্যাপার নিজেদের মধ্যে মিটিয়ে নেওয়াই ভালো। ওই কার্যালয়ে আইএনটিটিইউসি'র ব্যানারে রক্তদান উৎসব হওয়ার কথা ছিল। আমি তার অনুমতি দিয়েছিলাম। তাই সংগঠনের ব্যানার লাগানো হয়েছিল। কার্যালয় দখল হয়ে যাওয়ার কোনো ব্যাপার নেই। তৃণমূলের সবাই এই অফিসে বসতে পারে। যারা বলছে কার্যালয় আমি দখল করেছি তারা নিজেরাই বিজেপি দলে গা ঢাকা দিয়েছিল।' অন্যদিকে, এলাকার তৃণমূলের আরেক গোষ্ঠীর নেতা তথা প্রাক্তন ওয়ার্ড সভাপতি দীপেন আচার্য বলেন, 'এই কার্যালয়টি অনেক বছর আগে অর্জুন সিংয়ের নেতৃত্বে তৈরি হয়েছিল। আজ কেউ বা কারা দলের ভাবমূর্তি নষ্ট করতে মরিয়া। তাই আচমকা প্রধান কার্যালয়কে শ্রমিক সংগঠনের কার্যালয়ে বানিয়ে এলাকায় রাজনৈতিক অস্থিরতা তৈরি করতে চাইছে। এই কার্যালয় আইএনটিটিইউসিকে দেওয়া যাবে না।' এদিকে, রাতে যে শ্রমিক সংগঠনের ব্যানার লাগানো ছিল, সকাল হতেই রাতারাতি সেই ব্যানার পালটে যায়।

## মানিকের কিছুটা স্বস্তি হলেও তদন্ত চলবে

**আদালত সংবাদদাতা, কলকাতা:** দুর্নীতির তদন্তের ওপর সুপ্রিম কোর্টের কোনও স্থগিতাদেশ নেই। তাই স্কুলে শিক্ষক পোস্টিং দুর্নীতি মামলার চালিয়ে যাবে সিবিআই। শুক্রবার এমনই আদেশ দিলেন দিলেন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়। শুক্রবার তাঁর আদেশ, 'কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা তদন্ত এগিয়ে নিয়ে যাবে। তারা প্রয়োজন মনে করলে দুর্নীতির অভিযোগ ওঠা ৩৫০ জন শিক্ষককেও জেরা করতে পারে।' অন্যদিকে, এদিন এই মামলায় ইডিকেও যুক্ত করতে আদেশ দেয় হাই কোর্ট। পোস্টিং দুর্নীতি মামলায় সিবিআইকে জেলে গিয়ে প্রাথমিক শিক্ষা পর্ষদের প্রাক্তন সভাপতি মানিক ভট্টাচার্যকে জেরা করতে আদেশ দেন বিচারপতি গঙ্গোপাধ্যায়। ওই জিজ্ঞাসাবাদের ভিডিও ফুটেজ আদালতে পেশ করতেও আদেশ দেন তিনি। হাই কোর্টের এই আদেশকে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে যান মানিক। গত শীর্ষ আদালত মানিকের জিজ্ঞাসাবাদের ওপর স্থগিতাদেশ দেয়। তবে সিবিআই তদন্ত নিয়ে কোনও আদেশ দেয়নি। তাই শুক্রবার সিবিআইকে তদন্ত চালিয়ে নিয়ে যেতে বলেন বিচারপতি গঙ্গোপাধ্যায়। আগামী ২৮ অগস্ট এই মামলার পরবর্তী শুনানি। ওই দিন সিবিআইকে তদন্তের অগ্রগতির রিপোর্ট আদালতে জমা দিতে হবে।

# উখড়ায় বাইক দুর্ঘটনায় মৃত ১



**অগ্নি বন্দ্যোপাধ্যায়, অণ্ডাল :** শুক্রবার সকালে উখড়া পিজি বালিকা বিদ্যামন্দিরের গেটের সামনে বাইক দুর্ঘটনায় মারা যান বৃদ্ধ সাধন ভাণ্ডারি (৬২)। এই ঘটনা নিয়ে এলাকায় ব্যাপক উত্তেজনা ছড়ায়। সম্প্রতি কলকাতার বেহালায় স্কুলের সামনে সড়ক দুর্ঘটনায় মারা যায় ৮ বছরের ছাত্র। এই ঘটনার জেরে রাজ্য জুড়ে তোলপাড় পড়ে যায়। রাজ্য প্রশাসনও নড়েচড়ে বসে। এরপরই স্কুলে-স্কুলে প্রশাসনের পক্ষ থেকে ছাত্রছাত্রীদের পথ সচেতনতার পাঠ দেওয়া হচ্ছে। তবে পরিস্থিতির সেভাবে যে উন্নতি হয়নি তা উখড়ায় পিজি গার্লস স্কুলের সামনের দুর্ঘটনায় ফের প্রমাণ হল। জানা গেছে, এদিন বেলা ১০টা ১৫ নাগাদ স্কুলের গেটের সামনে দিয়ে রাস্তা পার হচ্ছিলেন উখড়া গ্রামের ভাণ্ডারি পাড়ার বাসিন্দা সাধন ভাণ্ডারি। ওই সময় ১টি বাইক এসে সজোরে তাঁকে ধাক্কা মারে। এরপর নিয়ন্ত্রণ হারিয়ে বাইকটি ফের সামনে দাঁড়িয়ে থাকা ১টি টোটোর পেছনে ধাক্কা মারে। ঘটনাস্থলেই লুটিয়ে পড়েন গুরুতর জখম ওই বৃদ্ধ। জখম হন বাইক আরোহী এক কিশোরও। স্থানীয়রা সাধন ভাণ্ডারী ও ওই কিশোরকে খান্দরা ব্লক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যান। সেখান থেকে ২জনকেই দুর্গাপুরের এক বেসরকারি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। ওই হাসপাতালে ডাক্তাররা সাধন ভাণ্ডারীকে মৃত বলে জানান। জখম কিশোর এখনো হাসপাতালে ভরতি। এদিকে, পুলিশ ঘাতক বাইকটির চালক ও তার সঙ্গীদের চিহ্নিত করেছে। তারা প্রত্যেকেই কিশোর। জিজ্ঞাসাবাদের জন্য অভিভাবকদের সঙ্গে নিয়ে তাদের থানায় ডাকা হয়েছে। তবে নিহতের পরিবার থেকে এখনো লিখিত অভিযোগ করা হয়নি। ঘটনার পর যান নিয়ন্ত্রণ নিয়ে প্রশাসনের ভূমিকায় সরব হয়েছেন স্থানীয়রা। তাদের অভিযোগ, স্কুল শুরু ও ছুটির পর ওই রাস্তায় বাইক নিয়ে রোমিও দল কার্যত দাপিয়ে বেড়ায়। তাদের বিরুদ্ধে প্রশাসনের এখনই ব্যবস্থা নেওয়া দরকার। স্কুলের প্রধান শিক্ষিকা ঈপ্সিতা দে জানান, 'এই ঘটনার পর পুলিশকে অনুরোধ করেছি স্কুলের সময় এই রাস্তায় যাতে যান নিয়ন্ত্রণ করে।' স্কুলের পরিচালন সমিতির সভাপতি তথা উখড়া গ্রামপঞ্চায়েতের নবনির্বাচিত উপপ্রধান শরণ সাইগল বলেন, 'রোমিওদের উৎপাত বন্ধ করতেই হবে। তার জন্য যা যা করার করা হবে।'

# পূর্ব কলকাতার জলাভূমি এলাকা জবরদখল মুক্ত করতে উদ্যোগী রাজ্য

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা :** পূর্ব কলকাতার জলাভূমি এলাকাকে জবরদখল মুক্ত করতে উঠেপড়ে লেগেছে রাজ্য সরকার। এই উদ্দেশ্যে ভূমি দফতর সমীক্ষার কাজ শুরু করেছে। জাতীয় পরিবেশ আদালত ও কলকাতা হাই কোর্টের নির্দেশকে সামনে রেখে ভূমি দফতরের অধীন অফ ল্যান্ড রেকর্ড অ্যান্ড সার্ভে পূর্ব কলকাতা জলাভূমি এলাকার অন্তর্ভুক্ত ৩৭টি মৌজায় বসবাসকারীদের জমি রেকর্ড সংগ্রহ করেছে। এছাড়া নানা সরকারি দফতরের হাতে থাকা জমির তালিকা প্রস্তুত হচ্ছে। এই সমীক্ষার মধ্যে দিয়ে জলাভূমির প্রকৃত দখলদারদের খুব সহজেই চিহ্নিত করা যাবে ও তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া যাবে। জলাভূমির ওই ৩৭ মৌজায় ১১০টি গ্রামে প্রায় দেড় লাখ মানুষের বাস রয়েছে। জমির মালিক ছাড়াও বর্গাদার, বৈধ পাট্টাধারী বসবাসকারীদেরও তথ্য নেওয়া হচ্ছে। এছাড়া ১২ হাজার হেক্টর জুড়ে ছড়িয়ে থাকা ওই জলাভূমি এলাকায় নানা সরকারি দফতরের হাতে থাকা জমিরও তথ্য নেওয়া হচ্ছে। জলাভূমি এলাকায় পূর্ত, সেচ, মৎস্য দফতরের মতো একাধিক দফতরের জমি রয়েছে। এছাড়া কলকাতা ও বিধাননগর পুরনিগম ও কয়েকটি পঞ্চায়েতের খাস জমি রয়েছে ওই জলাভূমিতে। ভূমি দফতর সূত্রে খবর, ৩৭টি মৌজার মধ্যে ৩৬টি মৌজার জমি সংক্রান্ত সমীক্ষার কাজ শেষ হয়েছে। খুব তাড়াতাড়ি শেষ করে আদালতের কাছে রিপোর্ট জমা দেওয়া হবে। শহরের কিডনি বলে পরিচিত পূর্ব কলকাতার জলাভূমি রক্ষায় ৫ বছর মেয়াদী পরিকল্পনা মাস্টার প্ল্যান তৈরি করা হয়েছে। পুর, পঞ্চায়েত ও রাজ্য পুলিশের সহযোগিতায় এই মাস্টার প্ল্যান হয়। পরিকল্পনার মধ্যে রয়েছে, কেউ এই জলাভূমি নষ্ট করলে কীভাবে তা আটকানো হবে। মৎস্যচাষ ও কৃষিকাজের জন্য একে আরো উর্বর করা সম্ভব কিনা দেখা হবে সেটাও। এই জলাভূমির গুরুত্ব বোঝাতে স্কুলস্তর থেকেই শুরু হবে প্রচারমূলক কর্মসূচি, চলবে গবেষণা। মাটির দূষণ ঠেকাতে স্থানীয় কৃষকদের জৈব পদ্ধতিতে চাষের প্রশিক্ষণ দেওয়া হবে। এলাকায় বাসিন্দাদের জীবনযাত্রার মানোন্নয়নেও পদক্ষেপ করা হবে।

## ভাঙড়ে বোমা বিস্ফোরণ, আতঙ্ক

**নিজস্ব সংবাদদাতা, ভাঙড় :** ফের ভাঙড়ে বোমা বিস্ফোরণ। শুক্রবার দুপুরে ভাঙড়ের কাশীপুর থানা এলাকার চালতাবেড়িয়া অঞ্চলের কচুয়া গ্রামে বাঁশবাগানের ভেতরে বোমার বিকট শব্দে কেঁপে ওঠে। আতঙ্কে ঘর থেকে বেরিয়ে আসেন এলাকার লোক। যদিও ঘটনায় কারোর ক্ষতি হয়নি। খবর পেয়ে ঘটনাস্থলে আসে কাশীপুর থানার বিশাল ফোর্স। পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করার পাশাপাশি এলাকায় বোমা বিস্ফোরণ কীভাবে ঘটল তা নিয়ে এলাকার লোককে জিজ্ঞাসাবাদ করে। পুলিশ তদন্ত করে জানায়, কচুয়া গ্রামের এক বাঁশবাগানের ভেতরে গোয়াল ঘরে বিস্ফোরণ ঘটে। এই ঘটনায় ২জনকে আটক করে জিজ্ঞাসাবাদ করছে পুলিশ।

# বারুইপুর, কুলতলি ও জয়নগরে নয়া পঞ্চায়েত সমিতি

**জয়িতা বন্দ্যোপাধ্যায়, বারুইপুর :** বারুইপুর আর কুলতলি পঞ্চায়েত সমিতির সভাপতি ও সহসভাপতি পদে সেই পুরোনো মুখ। অন্যদিকে, জয়নগরে নতুন মুখ আনা হয়েছে। বারুইপুর পঞ্চায়েত সমিতির সভাপতি হন কানন দাস। সহসভাপতি হন শ্যামসুন্দর চক্রবর্তী। শুক্রবার বারুইপুর ফুলতলায় পঞ্চায়েত সমিতির সভাপতি, সহসভাপতি সহ সদস্যদের শপথ অনুষ্ঠান হয়। এদিন ৫৭জন সমিতির সদস্য শপথ নেন। ছিলেন বিধানসভার অধ্যক্ষ তথা বারুইপুর পশ্চিমের বিধায়ক বিমান বন্দ্যোপাধ্যায়, বিধায়ক বিভাস সরদার, বিধায়ক বিশ্বনাথ দাস, জেলা পরিষদ সদস্য জয়ন্ত ভদ্র, বিডিও সৌরভ মাজি ও অন্যরা। অধ্যক্ষ বলেন, 'পঞ্চায়েতে মানুষের সঙ্গে ভালো ব্যবহার করে প্রধান, সদস্যদের পরিষেবা দিতে হবে। কাউকে ফেরানো যাবে না। মানুষের সমস্যা শুনে তা মেটানোর চেষ্টা করতে হবে।' অন্যদিকে, কুলতলিতে পঞ্চায়েত সমিতির সভাপতি পদে পুরোনো মুখ রূপা সর্দারকে ফিরিয়ে আনা হয়। সহসভাপতি হন নতুন মুখ প্রাক্তন বন ভূমি কর্মাধ্যক্ষ গুণধর সরদার। এই পঞ্চায়েত সমিতির ২৭টি আসনের মধ্যে তৃণমূল পেয়েছিল ২৫টি, বিজেপি ১টি, এসইউসিআই(সি) ১টি। জয়নগর ১নং ব্লকে পঞ্চায়েত সমিতির সভাপতি পদে এলেন নতুন মুখ ঋতুপর্ণা বিশ্বাস। সহসভাপতি হন নতুন মুখ সুহানা পারভিন বৈদ্য। জয়নগর ১নং ব্লকের পঞ্চায়েত সমিতির মোট আসন ছিল ৩৬টি। তৃণমূল কংগ্রেস ৩২টি, ১টি নির্দল, ২টি বিজেপি, ১টি সিপিআই(এম)।

## কুলটিতে বিক্ষোভ বিজেপির

**নিজস্ব সংবাদদাতা, কুলটি :** আসানসোল পুরনিগমের ৮, ৯, ও ১০নং ওয়ার্ডের বাসিন্দারা ঠিকমতো পরিষেবা পাচ্ছেন না অভিযোগ তুলে শুক্রবার বিজেপির পক্ষ থেকে মিছিল করে কুলটি বরো অফিসে বিক্ষোভ দেখানো হয়। নেতৃত্ব দেন বিজেপির জেলা সভাপতি বাপ্পা চট্টোপাধ্যায়, কুলটির বিজেপি বিধায়ক অজয় পোদ্দার ও বিজেপির রাজ্য কমিটির সদস্য কৃষ্ণেন্দু মুখোপাধ্যায়। বাপ্পা চট্টোপাধ্যায় বলেন, 'কুলটিতে ৮, ৯, ১০নং ওয়ার্ডের মানুষেরা পানীয় জল পাচ্ছেন না। পাশাপাশি ৩ মাসে বিদ্যুৎ বিল দেওয়ায় মানুষের সমস্যা হচ্ছে। জাতীয় সড়কের জমি দখল করে পার্কিং জোন তৈরি করে কাটমানি খাওয়ার ব্যবস্থা হচ্ছে। জলাশয় ভরাট করে নির্মাণ হচ্ছে। নিকাশি ব্যবস্থার অভাব রয়েছে। এসবের প্রতিবাদে বারবার আন্দোলন করা হলেও পুরনিগমের মেয়র চোখ বন্ধ করে বসে আছেন। তাই জরুরি ভিত্তিতে দাবি পূরণ না হলে আগামী দিনে সব বরো অফিস বন্ধ করে দেওয়া হবে।' এদিন বিজেপির পক্ষ থেকে বিক্ষোভ কর্মসূচি শেষে বরো চেয়ারম্যান না থাকায় মেয়র পারিষদ সদস্য ইন্দ্রাণী মিশ্রর হাতে স্মারকলিপি তুলে দেওয়া হয়। ইন্দ্রাণী মিশ্র বলেন, 'সাংসদ তহবিলের টাকায় কুলটিতে উন্নয়নমূলক কাজ হলেও, বিজেপি বিধায়কের তরফে শুধু মাত্র ২০-২১ অর্থবর্ষে টাকা মঞ্জুর করা হয়েছিল। যার ওয়ার্ক অর্ডার হয়ে কাজ শুরু হয়েছে। এরপর থেকে বিজেপি বিধায়ক কোনো টাকা মঞ্জুর করেননি।'

## কুলটিতে তৃণমূল কাউন্সিলরের বিরুদ্ধে অভিযোগ

**রবীন্দ্রনাথ প্রামাণিক, কুলটি :** আসানসোল পুরনিগমের ৬৩ নং ওয়ার্ডের কাউন্সিলর সেলিম আখতারের বিরুদ্ধে কুলটির পতিয়ানা সংখ্যালঘু এলাকায় ৪০০-৫০০ কুইন্টাল রেশন সামগ্রীর গরমিল রয়েছে বলে রেশনিং অফিসে অভিযোগ জমা পড়ে। মঙ্গলবার খাদ্য দফতরের আধিকারিকরা রেশন দোকানে এসে সিল করে দেন। বিজেপির জেলা সভাপতি বাপ্পা চট্টোপাধ্যায় বলেন, 'কেন্দ্রের সরকারের পাঠানো রেশন সামগ্রী নিয়েও তৃণমূল ঘোটালা করছে।' আসানসোল পুরনিগমের ডেপুটি মেয়র ওয়াসিমুল হক বলেন, 'বিরোধী দলের কাজই হচ্ছে সমালোচনা করা।' সেলিম আখতার জানান, 'কয়েক দিনের জন্য বাইরে যেতে হয়েছিল। ওই সময় শোকজের নোটিশ আসে। পরে দোকান সিল করা হয়। আইনানুগভাবেই জবাব দেব।'

## দুর্গাপুর মহকুমা হাসপাতালে ডাক্তারের অভাব : পঞ্চায়েত মন্ত্রী

**সুবীর রায়, দুর্গাপুর :** শুক্রবার দুর্গাপুর মহকুমা হাসপাতালে নতুনভাবে গড়ে তোলা জরুরি বিভাগের উদ্বোধন অনুষ্ঠানে এসে রাজ্যের গ্রামোন্নয়ন ও পঞ্চায়েত মন্ত্রী প্রদীপ মজুমদার বলেন, 'প্রচুর ডাক্তার থাকলেই শুধু হবে না, চিকিৎসার ক্ষেত্রে দরকারের সময় চাই বিশেষজ্ঞ ডাক্তার। যাঁদের জন্য মানুষ অপেক্ষা করে। তবেই না মানুষের প্রয়োজন মিটবে। তখনই এই হাসপাতালকে সুপার স্পেশালিটি হাসপাতাল বলা যাবে।' পরে আক্ষেপের সুরে মন্ত্রী বলেন, 'আমাদের এই হাসপাতালে বিশেষজ্ঞ ডাক্তারের বড়োই অভাব রয়েছে। তাই পরিষেবারও যথেষ্ট অভাব রয়েছে। তবে মাননীয়া চেষ্টার কোনো কসুর করছেন না। রোগীদের ভালো পরিষেবা দেওয়ার জন্য বিশেষজ্ঞ ডাক্তার নিয়ে আসার চেষ্টা হচ্ছে। যাতে মানুষকে ভালো করে চিকিৎসা পরিষেবা দেওয়া যায়।' হাসপাতালে রোগী কল্যাণ সমিতির সভাপতি কবি দত্ত বলেন, 'আগে হাসপাতালের জরুরি বিভাগে একজন রোগীকেই চিকিৎসা করানো যেত। এখন নতুন করে এই জরুরি বিভাগ গড়ে তোলা হয়েছে। যার জন্য খরচ হয়েছে ৪৩ লাখ টাকা।' হাসপাতালের মেডিক্যাল সুপারিনটেনডেন্ট ডাঃ ধীমান মণ্ডল বলেন, 'এই হাসপাতালে ৩১৩জন রোগীকে ভরতি রেখে চিকিৎসা করা যায়। একই হাসপাতালে একসঙ্গে এত মানুষকে চিকিৎসা পরিষেবা দেওয়া কঠিন কাজ। সেই কাজই সুষ্ঠুভাবে করে চলেছেন হাসপাতালের ডাক্তার, নার্স ও অন্যান্য কর্মীরা।'

# রবিবার ভোট নিয়ে বৈঠকে দিলীপকে রাখতে চান নাড্ডা





**উজ্জ্বল দত্ত, কলকাতা :** রবিবার বিজেপির সর্বভারতীয় সভাপতি জগৎপ্রকাশ নাড্ডা নিউটাউনের এক ৫তারা হোটেলে আসন্ন লোকসভা ভোট নিয়ে দলের রাজ্য শীর্ষ নেতাদের সঙ্গে নিয়ে আলোচনায় বসতে চান। ওই আলোচনায় সঙ্গে রাখতে চান দলের নির্ভরযোগ্য অথচ ঠোঁটকাটা সংগঠক সাংসদ দিলীপ ঘোষকে। প্রসঙ্গত, মাত্র ১৫দিন আগেই দিলীপ ঘোষকে বিজেপির সর্বভারতীয় সহসভাপতি পদ থেকে সরিয়ে দেওয়া হয়েছে। দলীয় সূত্রে জানা গেছে, রবিবার সর্বভারতীয় সভাপতি জেপি নড্ডার সঙ্গে বৈঠকে মুখোমুখি হতে চলেছেন রাজ্য বিজেপির প্রাক্তন সভাপতি। এই প্রথমবার সভাপতি নাড্ডার সঙ্গে শুধুই সাংসদ হিসাবে বৈঠকে বসবেন দিলীপ ঘোষ। তবে নাড্ডার গোটা সফরেই তাঁর সঙ্গে থাকবেন রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। একাধিক বৈঠকে হাজির থাকার কথা বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীরও। রাজ্য বিজেপিতে এই মুহূর্তে সবচেয়ে বেশি আগ্রহ নাড্ডা ও দিলীপের মুখোমুখি হওয়া নিয়ে। সংসদে অধিবেশন চলার সময়ে নাড্ডা ও দিলীপের দেখা হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সাংসদদের বৈঠকেও ২জনে হাজির ছিলেন। তবে সেখানে দেখা হলেও কথা হয়নি। সে অর্থে পদ হারানোর পরে এই প্রথম নাড্ডার সঙ্গে সরাসরি মুখোমুখি কথা হতে পারে দিলীপ ঘোষের। কেন্দ্রীয় কমিটি তাঁকে সাংগঠনিক দায়িত্ব থেকে সরিয়ে দেওয়ার পরে মেদিনীপুরের সাংসদ বলেছিলেন, 'লোকসভা ভোটের দিকে তাকিয়েই আমাকে সর্বভারতীয় দায়িত্ব থেকে সরানো হয়েছে।' রবিবারের বৈঠক থেকে এটা স্পষ্ট হতে পারে যে, দিলীপ ঘোষকে শুধুই নিজের আসন মেদিনীপুরে লড়াইয়ের জন্য দায়িত্বমুক্ত করা হয়েছে, নাকি রাজ্যের প্রাক্তন সভাপতিকে বাংলার অন্য কাজে ব্যবহার করা হবে। শনিবার থেকে বিজেপির সাংগঠনিক পূর্ব ক্ষেত্রের পঞ্চায়েত কর্মশালা হবে পূর্ব মেদিনীপুরের কোলাঘাটে। মূলত ওই কর্মশালার জন্যই নাড্ডার এই সফর। শনিবার তিনি কর্মশালার সূচনা করবেন। বাংলা ছাড়াও বিহার, ওড়িশা, ঝাড়খণ্ড ও আন্দামান-নিকোবরের জেলা পরিষদ বা স্বশাসিত সংস্থায় নির্বাচিত বিজেপি প্রতিনিধিরা তাতে অংশ নেবেন। থাকবেন উত্তর-পূর্বের সব রাজ্যের একই স্তরের জনপ্রতিনিধিরাও। ২দিনের এই কর্মশালায় ভার্চুয়াল মাধ্যমে বক্তৃতা দেবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বিজেপি সূত্রে খবর, কোলাঘাটের কর্মশালায় থাকার পাশাপাশি নাড্ডা রাজ্য বিজেপির শীর্ষনেতাদের সঙ্গে লোকসভা ভোট প্রস্তুতি নিয়ে বৈঠক করতে পারেন।


## দীপক ইন্ডাস্ট্রিজ লিমিটেড

CIN : L63022WB1954PLC021638
রেজিস্টার্ড অফিস: ১৬ হেয়ার স্ট্রিট, কলকাতা- ৭০০ ০০১, ফোন : (০৩৩) ২২৪৮ ২৩৯১ /৯২/৯৩
ফ্যাক্স : (০৩৩) ২২৪৮ ৯৩৮২, ওয়েবসাইট : www.dil-india.com, ই-মেল আইডি - secretary@dil-india.com

৩০ জুন, ২০২৩ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলের সংক্ষিপ্ত বিবরণ (r লাখ টাকায়)

| ক্র. নং | বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৬.২০২৩ অনিরীক্ষিত | ৩১.০৩.২০২৩ নিরীক্ষিত | ৩০.০৬.২০২২ অনিরীক্ষিত | সমাপ্ত বছর ৩১.০৩.২০২৩ নিরীক্ষিত |
|---|---|---|---|---|---|
| ১. | কাজের থেকে মোট আয় (প্রকৃত) | ২০৫১১.৬১ | ২২৫৬২.৩৫ | ১৯২৯২.৭৭ | ৮২০২০.১৬ |
| ২. | এই পর্বের থেকে প্রকৃত লাভ /(ক্ষতি) (কর, ব্যতিক্রমী এবং / অথবা অতিরিক্ত দফার আগে) | ৪৩৩৯.৪৯ | ৪৬২৬.৮০ | ৩৭৫৭.৩২ | ১৫৭৮৯.৫৫ |
| ৩. | করের আগে এই পর্বেরথেকে প্রকৃত লাভ /(ক্ষতি) (ব্যতিক্রমী এবং / অথবা অতিরিক্ত দফার পরে) | ৪৩৩৯.৪৯ | ৪৬২৬.৮০ | ৩৭৫৭.৩২ | ১৫৭৮৯.৫৫ |
| ৪. | করের পরে এই পর্বেরথেকে প্রকৃত লাভ /(ক্ষতি) (ব্যতিক্রমী এবং / অথবা অতিরিক্ত দফার পরে) | ৩২৬২.২১ | ৩৪০৮.২৩ | ২৮১৪.৪৫ | ১১৭৫৬.৯৮ |
| ৫. | এই পর্বের জন্য মোট বিস্তৃত আয় [(এই পর্ব থেকে বিস্তৃত আয় / (ক্ষতি) (করের পর) ও অন্যান্য বিস্তৃত আয় করের পর)] | ৩২৬১.০৫ | ৩৩৮৮.০২ | ২৮১৯.৬৪ | ১১৭৭২.৩৩ |
| ৬. | ইকুটি শেয়ার মূলধন | ৩৯৫.৬৪ | ৩৯৫.৬৪ | ৩৯৫.৬৪ | ৩৯৫.৬৪ |
| ৭. | অন্যান্য ইকুইটি | - | - | - | ৫৫৪০৫.১২ |
| ৮. | শেয়ার প্রতি আয় (প্রত্যেকটি ১০/- টাকা করে) (বার্ষিকভাবে নয়) | | | | |
| | ক. মূল (টাকায়) | ৮২.৪৫ | ৮৬.১৪ | ৭১.১৪ | ২৯৭.১৬ |
| | খ. লঘুকৃত (টাকায়) | ৮২.৪৫ | ৮৬.১৪ | ৭১.১৪ | ২৯৭.১৬ |

দ্রষ্টব্য :
(১) সেবি '(লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫'এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি ৩০.০৬.২০২৩ তারিখে সমাপ্ত কোম্পানীর বিস্তারিত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ হিসাবে দেখানো হল। কোম্পানীর পুঙ্খানুপুঙ্খ ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফল পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জের এই ওয়েবসাইটে : www.cse-india.com এছাড়াও পাবেন কোম্পানীর নিজস্ব এই ওয়েবসাইটে : www.dil-india.com
(২) ১১.০৮.২০২৩ তারিখে অনুষ্ঠিত সভায় ৩০.০৬.২০২৩ তারিখে সমাপ্ত উপরোক্ত আর্থিক ফলাফলটি অডিট কমিটি দ্বারা পরীক্ষিত এবং কোম্পানির বোর্ড অফ ডিরেক্টর দ্বারা অনুমোদিত হয়েছে।

বোর্ড অফ ডিরেক্টরদের পক্ষে ও সমর্থনে
পি. কে. দাগা
DIN : 00040692
চেয়ারম্যান-কাম-ম্যানেজিং ডিরেক্টর
তারিখ : ১১.০৮.২০২৩



## আদর্শ মার্কেন্টাইল লিমিটেড

CIN : L51109WB1992PLC055082
রেজিস্টার্ড অফিস : ৮এ ও ৮বি, সত্যম টাওয়ার্স, ৩ আলিপুর রোড, কলকাতা-৭০০০২৭
ফোন : (০৩৩) ২৪৭৯১৯৫১, ফ্যাক্স : (০৩৩) ২৪৭৯১৯৫২
ইমেল : adarshmercantile@gmail.com, ওয়েবসাইট : www.adarshmercantile.in

৩০ জুন, ২০২৩ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত একত্রিত আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ (লাখ টাকায়)

| ক্র. নং | বিবরণ | ৩০.০৬.২০২৩ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক অনিরীক্ষিত | ৩১.০৩.২০২৩ তারিখে সমাপ্ত পূর্ববর্তী বছর নিরীক্ষিত | ৩০.০৬.২০২২ তারিখে সমাপ্ত পূর্ববর্তী বছরের সংশ্লিষ্ট ত্রৈমাসিক অনিরীক্ষিত |
|---|---|---|---|---|
| ১. | কাজের থেকে মোট আয় | ১৮৩.২৩ | ৫৪.৩৪ | ২.৬৫ |
| ২. | এই পর্ব থেকে প্রকৃত লাভ (করের, ব্যতিক্রমী এবং / অথবা অতিরিক্ত দফার আগে#) | ১৭১.৭৩ | (২২.২৯) | (১১.৩২) |
| ৩. | করের আগে এই পর্ব থেকে প্রকৃত লাভ (ব্যতিক্রমী এবং / অথবা অতিরিক্ত দফার পর#) | ১৭১.৭৩ | (২২.২৯) | (১১.৩২) |
| ৪. | করের পর এই পর্ব থেকে প্রকৃত লাভ (ব্যতিক্রমী এবং / অথবা অতিরিক্ত দফার পর#) | ২০৫.০৬ | (২৭.৫৪) | (৮.৮৫) |
| ৫. | এই পর্বের মোট কমপ্রিহেনসিভ আয় (এই পর্বের করের পর লাভ / (ক্ষতি) ও অন্যান্য কমপ্রিহেনসিভ আয় (করের পর) সহ) | ২৭১.৮০ | (১.২২) | (১১.১৩) |
| ৬. | ইক্যুটি শেয়ার মূলধন | ৩৬৭.৫০ | ৩৬৭.৫০ | ৩৬৭.৫০ |
| ৭. | মজুত (পূর্ববর্তী বছরের নিরীক্ষিত ব্যালান্সশীট অনুযায়ী পুনর্মূল্যায়ন সংরক্ষণ ব্যতীত সংরক্ষণ) | — | ৩৫৩.৬৯ | — |
| ৮. | শেয়ার প্রতি আয় (প্রত্যেকটি ১০/- টাকা করে) (চালু ও বন্ধ হয়ে যাওয়া কার্যকলাপের জন্য)** | | | |
| | মূল | ৫.৫৮ | (০.৭৫) | (০.২৪) |
| | লঘুকৃত | ৫.৫৮ | (০.৭৫) | (০.২৪) |

**বার্ষিকভাবে নয়
# কোম্পানির কোনো ব্যতিক্রমী ও অতিরিক্ত দফা নেই।

একমেবাদ্বিতীয়ম আর্থিক ফলের মূল অর্থাঙ্ক (লাখ টাকায়)

| ক্র. নং | বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক জুন-২৩ অনিরীক্ষিত | মার্চ-২৩ নিরীক্ষিত | সমাপ্ত সংশ্লিষ্ট ত্রৈমাসিক জুন-২২ অনিরীক্ষিত |
|---|---|---|---|---|
| ১. | কাজের থেকে মোট আয় | ১৮৩.২৩ | ৪.৭৫ | ২.৬৫ |
| ২. | করের আগে চালু কাজ থেকে লাভ | ১৭১.৭৩ | (২.৬৭) | (১১.৩২) |
| ৩. | করের পরে চালু কাজ থেকে লাভ | ১৭১.৭৩ | (২.৬৭) | (১১.৩২) |

দ্রষ্টব্য :
সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫'এর ৩৩নং ধারা অনুযায়ী ৩০.০৬.২০২৩ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণী হিসাবে উপরোক্ত ফলাফলটি প্রকাশ করা হল ও স্টক এক্সচেঞ্জে নথিভুক্ত করা হল। কোম্পানীর বিস্তারিত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফল পাওয়া যাবে বিএসই-র ওয়েবসাইটে (www.bseindia.com) ও কোম্পানীর ওয়েবসাইটে (www.adarshmercantile.in)।
উপরোক্ত ত্রৈমাসিকের আর্থিক ফলাফলটি ১০.০৮.২০২৩ তারিখে অনুষ্ঠিত সভায় বোর্ড-এর তরফ থেকে এবং অডিট কমিটির দ্বারা পর্যালোচিত হয়েছে।
কোম্পানি ত্রৈমাসিক ভিত্তিতে একত্রিত আর্থিক ফলাফলটি প্রস্তুত করেছে ও এই একত্রিত ফলাফলে সহযোগী কোম্পানি যেমন অ্যাভন ক্রেডিট প্রাইভেট লিমিটেড এর ফলাফলও যুক্ত আছে।
অডিটররা ৩০.০৬.২০২৩ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের উপরোক্ত আর্থিক ফলাফলের পর্যালোচনা (এলআর) করেছেন এবং প্রতিবেদনটি বোর্ড-এর সম্মতিতে উল্লিখিত হয়েছে। অডিটররা উপরোক্ত ফলাফলের ভিত্তিতে একটি অপরিবর্তিত প্রতিবেদন প্রকাশ করেছেন।

বোর্ড অফ ডিরেক্টরের আদেশানুসারে
আদর্শ মার্কেনটাইল লিমিটেড-এর পক্ষে
স্বা/- সুচিতা ছৌছারিয়া, ডিরেক্টর
DIN : 00044063
স্থান : কলকাতা
তারিখ : ১০.০৮.২০২৩



## সুধা অ্যাপারেলস লিমিটেড

রেজিস্টার্ড অফিস : ২/৫, শরৎ বোস রোড, ফ্ল্যাট নং- ৮এ, অষ্টম তল, কলকাতা-৭০০০২০
CIN : L17299WB1981PLC033331
ওয়েবসাইট : www.sudhaapparels.com, ইমেল : secretarial@sudhaapparels.com

৩০ জুন, ২০২৩ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফল (ইপিএস ব্যতীত লাখ টাকায়)

| বিবরণ | একমেবাদ্বিতীয়ম সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৬.২০২৩ (অনিরীক্ষিত) | ৩১.০৩.২০২৩ (নিরীক্ষিত) | ৩০.০৬.২০২২ (অনিরীক্ষিত) | সমাপ্ত বছর ৩১.০৩.২০২৩ (নিরীক্ষিত) |
|---|---|---|---|---|
| কাজের থেকে মোট আয় | ৫৭৬৮.৪২ | ১৬২৮.৭৪ | ২৪৬৯.৯৩ | ৯১৫৭.৬২ |
| এই পর্বের প্রকৃত লাভ (কর, ব্যতিক্রমী দফা ও / অথবা অতিরিক্ত দফার আগে) | (১২৪.৩২) | (৫৯৯.০৯) | ৫৬.৬১ | (২৩৩.৩৪) |
| করের আগে এই পর্ব থেকে প্রকৃত লাভ / ক্ষতি (ব্যতিক্রমী দফা ও অতিরিক্ত দফার পরে) | (১২৪.৩২) | (৫৯৯.০৯) | ৫৬.৬১ | (২৩৩.৩৪) |
| করের পর এই পর্ব থেকে প্রকৃত লাভ / ক্ষতি (ব্যতিক্রমী দফা ও অতিরিক্ত দফার পর) | (১২৪.৩২) | (৭২৪.৭৬) | ৫৬.৬১ | (৩৫৯.০১) |
| এই পর্বের মোট কমপ্রিহেনসিভ আয় [(এই পর্বের লাভ / (ক্ষতি) (করের পর ও অন্যান্য কমপ্রিহেনসিভ আয় (করের পর) সহ)] | ৮৯৫৩.৯৪ | (১২৯৪.৫১) | ৮০৯.৮৯ | ৫৫৫৪.৯১ |
| আদায়দত্ত ইক্যুটি শেয়ার মূলধন (প্রতিটির প্রারম্ভিক মূল্য ১০টাকা করে) | ৭৮.৯৮ | ৭৮.৯৮ | ৭৮.৯৮ | ৭৮.৯৮ |
| অন্যান্য ইক্যুইটি | | | | ৫৪১৫০.৭৯ |
| শেয়ার প্রতি আয় (ইপিএস) (বার্ষিকভাবে নয়) মূল ও লঘুকৃত | (১৫.৭৪) | (৯১.৭৭) | ৭.১৭ | (৪৫.৪৬) |

দ্রষ্টব্য :
১) কোম্পানীজ অ্যাক্ট ২০১৩-এর ১৩৩নং ধারা সহ সংশ্লিষ্ট অন্যান্য ধারা অনুযায়ী কোম্পানীর আর্থিক ফলাফলটি দ্য ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্স ("আইএনডি এএস") -এর সঙ্গে সামঞ্জস্য রেখে তৈরি করা হয়েছে।
২) সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস ২০১৫এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি, কোম্পানীর বিস্তারিত ত্রৈমাসিকের আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ হিসাবে দেখানো হল ও স্টক এক্সচেঞ্জে নথিভুক্ত করা হল। কোম্পানীর বিস্তারিত ত্রৈমাসিকের আর্থিক ফলাফল পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে : www.cse-india.com ও কোম্পানীর ওয়েবসাইটে www.sudhaapparels.com।

সুধা অ্যাপারেলস লিমিটেড-এর পক্ষে
স্বা/-
সুনীল গৌতম
হোলটাইম ডিরেক্টর
DIN : 08125576
স্থান : গুরুগ্রাম
তারিখ : ১১.০৮.২০২৩



## বৈদ্যুতিন নিলামে বিক্রয়ের বিজ্ঞপ্তি

বৈঁক ऑफ़ बड़ौदा Bank of Baroda

গ্রেটার কলকাতা রিজিওন, রিজিওনাল অফিস
বরোদা টাওয়ার, তৃতীয় তল, ব্লক জিএন, সেক.-৫, সল্টলেক, জেলা-উত্তর ২৪ পরগনা, কলকাতা-৭০০০৯১, ই-মেল : recovery.greaterkolkata@bankofbaroda.com

সংযোজনী-সি
অস্থাবর সম্পত্তি বিক্রির বিজ্ঞপ্তি;
[পরিশিষ্ট-II A অস্থাবরের জন্য রুল ৬(২)-এর শর্ত অনুযায়ী]

সিকিওরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিওরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ সহ সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২-এর ৬(২) এবং ৮(৬)নং রুলের শর্ত অনুযায়ী স্থাবর/অস্থাবর সম্পত্তির বৈদ্যুতিন নিলামের মাধ্যমে বিক্রয়ের বিজ্ঞপ্তি।
এতদ্বারা জনসাধারণ এবং বিশেষভাবে ঋণগ্রহণকারী (দের), বন্ধকদারদের ও জামিনদার (দের) উদ্দেশ্যে বিজ্ঞাপিত করা হচ্ছে যে, সিকিওরড ক্রেডিটরের কাছে বন্ধক/মূল্যায়িত রাখা নিম্নে বর্ণিত স্থাবর/অস্থাবর সম্পত্তি যেটি সিকিওরড ক্রেডিটর ব্যাঙ্ক অফ বরোদার অনুমোদিত আধিকারিক অধিগ্রহণ করে নিয়েছে সেটি **"যেখানে যেমন সেখানে তেমন"** ও **"যেটা যেমন সেটা তেমন"** ও **"সেটি যেমনই হোক"**-এই ভিত্তিতে নিম্নে বর্ণিত অর্থ পরিশোধ পেতে বিক্রি করা হবে। ঋণগ্রহণকারী / গণ/ বন্ধকদার / জামিনদার / গণ/ বন্ধক রাখা সম্পত্তি /গুলি/বকেয়া / সংরক্ষিত মূল্য / বৈদ্যুতিন নিলামের দিন ও সময়, ইএমডি ও বিড ইনক্রিস মূল্য নিচে বর্ণনা করা হল :

| ক্রম /লট নং | ঋণগ্রহণকারী / দের / জামিনদার / দের / বন্ধকদার (দের) নাম ও ঠিকানা | দায় সমেত (যদি কিছু থাকে) স্থাবর / অস্থাবর সম্পত্তির সংক্ষিপ্ত বর্ণনা | মোট বকেয়া | ১. বৈদ্যুতিন নিলামের দিন ও সময় শুরুর সময় থেকে শেষের সময় ২. বিড জমা দেওয়ার শেষ তারিখ ও সময় | সংরক্ষিত মূল্য / ইমডি মূল্য / বিড ইনক্রিস মূল্য | ইএমডি জমা দেওয়ার অ্যাকাউন্ট নং আইএফএসসি কোড ব্যাঙ্ক অফ বরোদার শাখা | অধিগ্রহণের ধরণ (কনস্ট্রাকটিভ / ফিজিক্যাল) সম্পত্তিপরিদর্শনের দিন ও সময় |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | **বিশ্বজিৎ চক্রবর্তী** চন্দ্রিমা ভবন, ৯ আরসি নন্দীপাঠ, মহিষ্যপাড়া, ইনডেন গ্যাস অফিসের কাছে, খড়দহ, পশ্চিমবঙ্গ-৭০০১১৭ | মোটরকার- মারুতি ওয়াগনার ভিএক্সআই পেট্রোল রেজি. নং- **WB24AE1139**, চেসিস নং- **MA3EWDE1S00932139**, ইঞ্জিন নং- **K10BN7591981** রেজি.'র তারিখ- ১০.০৯.২০১৫ | ২০.০২.২০২৩ এর হিসাবে ৪০২১৬৫৭.৮৯ টাকা (২০.০২.২০২৩ পর্যন্ত সুদ সহ) এবং চুক্তিভিত্তিক হারে সুদ, চার্জ, কস্ট ও ব্যয় টাকা পরিশোধ হওয়ার দিন পর্যন্ত | ১. ১৪.০৯.২০২৩ সময় দুপুর ২টা থেকে সন্ধ্যা ৬টা ২. ৩১.০৮.২০২৩ বিকেল ৪টা পর্যন্ত | ৮০,০০০/- / ১০,০০০/- / ১০,০০০/- | **এ/সি নং-** ৪২৪৮০০১৫১৮১২১৯ **এ/সি নাম-** নিউ ইন্টারমিডিয়ারি **শাখা-** খড়দহ **আইএফএসসি কোড** BARB0KHARDA (পঞ্চম পদটি শূন্য) | ফিজিক্যাল ২১.০৮.২০২৩ থেকে ৩১.০৮.২০২৩ অনুমতিপূর্বক অফিসের কার্য সময়ে |
| ২ | **শ্রীরূপা মুখোপাধ্যায়** ফ্ল্যাট নং- বি১ রামকৃষ্ণপল্লী, পশ্চিমবঙ্গ-৭০০১৫০ | ভেহিক্যাল ক্লাস অমনি বাস মাহিন্দ্রা স্করপিও এসএস এমএইচ 2W 140 রেজি. নং- WB96Q6900 চেসিস নং- MA1TA2XN2L2L49919 ইঞ্জিন নং- XML4L13000 রেজিস্ট্রেশনের তারিখ : ২১.১২.২০২০ | ১১.০৮.২০২৩ এর হিসাবে ১১,৯৯,৩১৩.৮৪ টাকা (০৭.০৮.২০২৩ পর্যন্ত সুদ সহ) এবং চুক্তিভিত্তিক হারে সুদ, চার্জ, কস্ট ও ব্যয় টাকা পরিশোধ হওয়ার দিন পর্যন্ত | ১. ১৪.০৯.২০২৩ সময় দুপুর ২টা থেকে সন্ধ্যা ৬টা ২. ৩১.০৮.২০২৩ বিকেল ৪টা পর্যন্ত | ৪,১০,০০০/- / ৪১,০০০/- / ১০,০০০/- | **এ/সি নং-** ২৯৯৯০০১৫১৮১২১৯ **এ/সি নাম-** নিউ ইন্টারমিডিয়ারি **শাখা-** রাজারহাট **আইএফএসসি কোড** BARB0RAJARH (পঞ্চম পদটি শূন্য) | ফিজিক্যাল ২১.০৮.২০২৩ থেকে ৩১.০৮.২০২৩ অনুমতিপূর্বক অফিসের কার্য সময়ে |

বিক্রয়ের বিস্তারিত শর্তাবলী জানতে নিম্নোক্ত লিঙ্ক দেখতে পারেন : https://www.bankofbaroda.in/e-auction.htm ও https://bob.auctiontiger.net/EPROC ইচ্ছুক বিডাররা অনুমোদিত আধিকারিকের সঙ্গেও যোগাযোগ করতে পারেন টেলি নং- ৯৮৩১৯৫৮৬৮২
তারিখ : ১২.০৮.২০২৩.
স্থান: কলকাতা
নাম- তিমির বরণ মৈত্র
অনুমোদিত আধিকারিক, ব্যাঙ্ক অফ বরোদা